নজরুল বিশ্ববিদ্যালয়ে


# পরীক্ষা পদ্ধতি সংস্কার ও বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষা ফি কমানোর দাবিতে মানববন্ধন

**রোকন বাপ্পি, নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

প্রকাশিত: ২৩:২০, ১০ মার্চ ২০২৫; আপডেট: ২৩:২১, ১০ মার্চ ২০২৫



বাংলাদেশ বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষার ফি কমানো এবং জুডিশিয়ারিতে নন-ক্যাডার পদের দাবিতে  মানববন্ধন করেছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের শিক্ষার্থীরা।



MinecraftKURAMA O MELHOR AMIGO ...

Share

Watch on humix

MinecraftKURAMA O MELHOR AMIGO DA KYUUBI #2

সোমবার (১০ মার্চ) বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের  আইন অনুষদের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের নজরুল ভাস্কর্য এবং চির উন্নত মম শির এর  সামনে এ কর্মসূচি পালন করে।। এ সময় পরীক্ষার ফি ৪০২০ টাকা থেকে কমিয়ে ৩০০ টাকা করার দাবি জানান তারা।

উল্লেখ্য শেষবার বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষা সম্পন্ন ২০২৩ সালে। তখন পরীক্ষার ফি ছিল এক হাজার টাকা সেখান থেকে একবারে এ ফি উন্নীত করা হয় পাঁচ হাজারে যা পরীক্ষার দুটি ভিন্ন ভিন্ন ধাপে প্রদান করতে হবে।

মানববন্ধনে শিক্ষার্থীদের হাতে, ‘অযৌক্তিক এবং বৈষম্যমূলক ফি বাতিল চাই’, ‘অধিকার নিয়ে বাণিজ্য,চলবে না।’, ‘জুডিশিয়ারিতে ননক্যাডার চাই,বার কাউন্সিলের অযৌক্তিক ফি কমাতে হবে,বৈষম্যমুক্ত বার কাউন্সিল চাই ’সহ বিভিন্ন লেখা সংবলিত প্ল্যাকার্ড দেখা যায়।

শিক্ষার্থীরা জানায়, ইন্টিমেশন দেওয়ার পর প্রথমেই রেজিস্ট্রেশনের জন্য ১০৮০ টাকা দিতে হয়। এরপর আবার পরীক্ষায় বসার জন্য ৪০২০ টাকা দিতে হয়। বিসিএসসহ অন্যান্য চাকরির ফি কমানো হয়েছে। আমাদের দোষটা কী? আমাদের দাবি ৪০২০ টাকা থেকে কমিয়ে ফি ৩০০ টাকা নির্ধারণ করুন। আমরা এই যৌক্তিক দাবির দ্রুত বাস্তবায়ন চাই।

মানববন্ধনে আইন ও বিচার বিভাগের শিক্ষার্থী তৈয়ব শাহনূর বলেন, রাষ্ট্র যন্ত্রের এতগুলো সংস্কার চলছে এমন সময়ে সবার চোখের সামনে এরকম অযৌক্তিক সিদ্ধান্ত হতাশাজনক। দ্রুত ফি কমাতে হবে। আর জুডিশিয়ারিতে ননক্যাডার বিচার বিভাগের স্বাতন্ত্র্য এবং ক্ষমতায়নের জন্যই জরুরি।

আরেক শিক্ষার্থী রেজাউল হান্নান বলেন "সম্প্রতি বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রকাশিত আইনজীবী তালিকাভুক্ত পরীক্ষার ফি ৪০২০ টাকা নির্ধারণ করা হয়েছে, যা অযৌক্তিক এবং অত্যন্ত বেশি! যেখানে ফ্যাসিবাদের পতনের পর সকল সরকারি চাকরির পরীক্ষার ফি সর্বোচ্চ ২০০ টাকা করা হয়েছে, তবে বার কাউন্সিল পরীক্ষার ফি কমানো হবে না কেন? যদিও এর আগে বার কাউন্সিল রেজিস্ট্রেশন বাবদ ১০৮০ টাকা নিয়েছে। ২৪-এর ছাত্র জনতার বিপ্লবের পর নতুন বাংলাদেশে, বার কাউন্সিলের এমন অযৌক্তিক সিদ্ধান্ত আমরা, বাংলাদেশের আইনের শিক্ষার্থীরা, কোনোভাবেই মেনে নেব না। বার কাউন্সিল পরীক্ষার ফি ৩০০ টাকার মধ্যে নির্ধারণের দাবি জানাই।"

আইন বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী সানজিদা সাবা বলেন, বারকাউন্সিলের ফি কমানো আর জুডিশিয়ারিতে ননক্যাডার পদ যৌক্তিক দাবি।এগুলো  নিয়ে টালবাহানা না করে দ্রুত মানতে হবে। এটা আমাদের অধিকার।

উল্লেখ্য, সম্প্রতি বার কাউন্সিল পূর্বের মত বার কাউন্সিল এনরোলমেন্ট পরীক্ষায় ৪০২০ টাকা ফি নির্ধারন করে বিজ্ঞাপ্তি দেওয়ার পর থেকে ঢাকা সহ  বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আইনের শিক্ষার্থী ও শিক্ষানবিশ আইনজীবীরা প্রতিবাদ জানিয়ে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করছে।